



শিল্প মন্ত্রণালয়
বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন
মেয়র আনিসুল হক সড়ক, ৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা
১২০৮
info@bscic.gov.bd
www.bscic.gov.bd



নম্বর: ৩৬.০২.০০০০.০১৬.৩২.০০৪.২০.৯০

তারিখ: ২১ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
০৬ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

আন্তর্জাতিক মেলার বিজ্ঞপ্তি

বিষয়: আগামী ১৫ ডিসেম্বর, ২০২৩-০১ জানুয়ারি, ২০২৪ সময়ে ভারতের কলকাতায় **International Mega Trade Fair (IIMTF) 2023-24** শীর্ষক মেলায় অংশগ্রহণ সংক্রান্ত।

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৫ ডিসেম্বর, ২০২৩-০১ জানুয়ারি, ২০২৪ সময়ে ভারতের কলকাতায় International Mega Trade Fair (IIMTF) 2023-24 শীর্ষক আন্তর্জাতিক মেলা অনুষ্ঠিত হবে। উক্ত মেলার তথ্যাদি নিম্নরূপ:

মেলার নাম	International Mega Trade Fair (IIMTF)
মেলার সময়কাল	15th December, 2023 to 1st January, 2024
মেলা আয়োজনকারী	The Bengal Chamber & G S Marketing Association
বুথের সাইজ	(3m×3m) 9sm
বুথ ভাড়া	USD 2000 Per booth+18 GST বাংলাদেশি টাকা: ২,৬২,০০০.০০ (দুই লক্ষ বাষট্টি হাজার)
প্রদর্শনী পণ্য	তৈরি পোশাক, হোম টেক্সটাইল, চামড়া ও চামড়াজাতপণ্য, পাট ও পাটজাত পণ্য, প্লাস্টিক, সিরামিক, হস্তশিল্পজাত পণ্য, কৃষি ও কৃষি প্রক্রিয়াজাত পণ্য।

০২। রপ্তানি উন্নয়ন ব্যুরো অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহকে বুথ মূল্যের ওপর নিম্নরূপভাবে ভর্তুকি প্রদান করবে-

ক) তৈরি পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠানের ক্ষেত্রে:

ক্রম	রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার)	ক্যাটাগরি	ইপিবি'র প্রদেয় সর্বোচ্চ সহায়তা (%)
১।	১০ এর উপরে	ক	২০
২।	০৫-১০	খ	৩৫
৩।	০৫ এর নীচে	গ	৪৫
৪।	প্রারম্ভিক (কোন রপ্তানি নাই)	ঘ	৫০


খ) অন্যান্য খাতের প্রতিষ্ঠানের ক্ষেত্রে:

ক্রম	রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার)	ক্যাটাগরি	ইপিবি'র প্রদেয় সর্বোচ্চ সহায়তা (%)
১।	রপ্তানিকারক সকল প্রতিষ্ঠানের জন্য	ক	৪০
২।	প্রারম্ভিক (কোন রপ্তানি নাই)	খ	৫০
৩।	নারী উদ্যোক্তার জন্য	গ	৬০

০৩। উক্ত মেলায় অংশগ্রহণে আগ্রহী উদ্যোক্তাগণ ইপিবি'র নির্ধারিত পূরণকৃত আবেদনপত্র (ডাউনলোড লিঙ্ক: <https://cutt.ly/epbform>) এবং ইপিবি-এর অনুকূলে প্রযোজ্য হারে অংশগ্রহণ ফি'র সম্মুখের পে-অর্ডার আগামী ১৮/১১/২০২৩ তারিখের মধ্যে ইপিবি'র মেলা বিভাগে দাখিল করতে পারেন। আবেদনপত্রের সাথে ইআরসি, ট্রেড লাইসেন্স, আয়কর ও ভ্যাট সার্টিফিকেট, অংশগ্রহণকারীদের পাসপোর্টের কপি, অন্যান্য দেশে ভ্রমণের ভিসার কপি, সর্বশেষ অর্থবছরের

পিআরসি ও অন্যান্য ডকুমেন্টস দাখিল করতে হবে।

০৪। এ সংক্রান্ত তথ্য, পরামর্শ বা সাচিবিক সহায়তার জন্য প্রয়োজনে বিপণন বিভাগ, বিসিক, ঢাকা (বিসিক ভবন, ৭ম তলা, ৩৯৮ মেয়র আনিসুল হক সড়ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮; ফোন: ০১৯৬০৬৭৬৮৬৫, ০১৫৭১৭১৩৬৬৪) এ যোগাযোগ করা যেতে পারে।



০৬-১১-২০২৩

মোঃ আবদুল মতিন

পরিচালক (বিপণন, নকশা ও কারুশিল্প)

৯৫৫৩৭১৪

dirmarketing@bscic.gov.bd

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাব্যবস্থাপক (বিপণন), বিপণন বিভাগ, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক);
- ২। আইসিটি সেল প্রধান, আইসিটি সেল, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো);
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
- ৪। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ শাখা, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) (সামাজিক মাধ্যমে প্রচারের অনুরোধ করা হলো)

